গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৪০/২০১৯-২০২০
ঢাকা, ২২ আগস্ট বৃহস্পতিবার ২০১৯, ৭ ভাদ্র ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন বসছে ৮ সেপ্টেম্বর
২। উচ্চ আদালতেও ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার ন্যায়বিচার পাব : প্রধানমন্ত্রীর আশাবাদ
৩। ২১ আগস্ট হত্যাকান্ডের মাস্টারমাইন্ড তারেকের সর্বোচ্চ শাস্তির জন্য আপিল করা হবে : সেতুমন্ত্রী
৪। খালেদা জিয়া ২১ আগস্ট গ্রেনেড হামলার দায় এড়াতে পারেন না : তথ্যমন্ত্রী
৫। ২১ আগস্ট গ্রেনেড মামলার পেপারবুক তৈরি দ্রুত শেষ হবে : আইনমন্ত্রী
৬। আজ ড্রিমলাইনার গাংচিল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৭। ভারতের পররাষ্ট্রমন্ত্রীর ঢাকা ত্যাগ
৮। জম্মু-কাশ্মীর ভারতের অভ্যন্তরীণ ইস্যু : পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি
৯। মশক নিধনে ১২ মাস নিবিড় কার্যক্রম চলবে : স্থানীয় সরকার মন্ত্রী
১০। পূর্ব-নির্ধারিত সময় অনুযায়ী রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরু হবে আজ : প্রত্যাবাসন কমিশনার
১১। রোহিঙ্গাদের নিরাপদ ও স্বেচ্ছা প্রত্যাবাসন নিশ্চিত করুন : ৬১ এনজিও'র বিবৃতি
১২। কৃষিযন্ত্রের চাহিদা সম্পর্কে জানাতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি কৃষিমন্ত্রীর নির্দেশ
১৩। ভূমির লেনদেনে শীঘ্রই চালু হচ্ছে ই-পেমেন্ট গেটওয়ে : ভূমিমন্ত্রী
১৪। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত বাধ্যতামূলক হচ্ছে কর্মমুখী শিক্ষা
১৫। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে ইভেন্ট ফার্ম নিয়োগ : ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদিত

চলমান পাতা-২

১। **জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন বসছে ৮ সেপ্টেম্বর**

একাদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন বসছে আগামী ৮ সেপ্টেম্বর। ঐদিন বিকেল ৫টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হবে। এর আগে বিকেল ৪টায় সংসদের কার্যউপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশনের মেয়াদ ও কার্যসূচি নির্ধারণ করা হবে। গতকাল (২১ আগস্ট বুধবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তাঁর সাংবিধানিক ক্ষমতা বলে এ অধিবেশন আহ্বান করেছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **উচ্চ আদালতেও ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার ন্যায়বিচার পাব : প্রধানমন্ত্রীর আশাবাদ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তৎকালীন বিএনপি-জামায়াত সরকারের প্রত্যক্ষ মদদ ছাড়া দিনদুপুরে ২১ আগস্টের গ্রেনেড হামলা ঘটতে পারে না। এটা আজ প্রমাণিত সত্য, ঐ সরকারের পৃষ্ঠপোষকতায়ই হামলা হয়েছে। আওয়ামী লীগ সভাপতি বলেন, দেশে ফেরার পর থেকেই তাঁকে হত্যার জন্য একটার পর একটা হামলা হয়েছে। কখনও গ্রেনেড, কখনও বুলেট। কিন্তু কখনোই তিনি মৃত্যুভয়ে ভীত হননি। যতক্ষণ জীবন আছে, ততক্ষণই দেশের মানুষের জন্য কাজ করে যাবেন তিনি। একটা আদর্শ নিয়ে দেশের উন্নয়ন ও মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য কাজ করে যাচ্ছেন। মানুষের মুখে হাসি ফোটানো আর বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তোলাই তাঁর জীবনের একমাত্র লক্ষ্য। গতকাল (২১ আগস্ট বুধবার) রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ২১ আগস্টের নৃশংস গ্রেনেড হামলার পঞ্চদশ বার্ষিকী উপলক্ষে আওয়ামী লীগের আলোচনাসভায় সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। ঐ হামলার ঘটনায় ন্যায়বিচার পাবেন আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, অনেক পরে মামলা করে একটা রায় পেয়েছি। রায়ের পেপারবুক উচ্চ আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ,১,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

৩। **২১ আগস্ট হত্যাকান্ডের মাস্টারমাইন্ড তারেকের সর্বোচ্চ শাস্তির জন্য আপিল করা হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ২১ আগস্ট গ্রেনেড হামলার মূল পরিকল্পনাকারী তারেক রহমানের সর্বোচ্চ সাজার আবেদন নিয়ে আওয়ামী লীগ উচ্চ আদালতে যাবে। এ ব্যাপারে উচ্চ আদালতে আপিল করার সুযোগ আমাদের আছে। গতকাল (২১ আগস্ট বুধবার) বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে অস্থায়ী শহিদ বেদিতে ২১ আগস্টের গ্রেনেড হামলায় শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, ২১ আগস্টের হত্যাকাণ্ডের যেমন বিচার হয়েছে, ঠিক তেমনি এ হত্যাকাণ্ডের মাস্টারমাইন্ড তারেক রহমানেরও সর্বোচ্চ শাস্তি হওয়া উচিত। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষপৃ,ক.৪)।

৪। **খালেদা জিয়া ২১ আগস্ট গ্রেনেড হামলার দায় এড়াতে পারেন না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, ২০০৪ সালের ২১ আগস্ট তৎকালীন বিরোধীদলীয় নেতা শেখ হাসিনার সন্ত্রাসবিরোধী জনসভায় গ্রেনেড হামলার দায় রয়েছে তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়ারও। তিনি তা এড়াতে পারেন না। গতকাল (২১ আগস্ট বুধবার) বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগ কার্যালয়ের সামনে অস্থায়ী শহীদ বেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, একুশে আগস্টের নৃশংস গ্রেনেড হামলা শুধু মর্মান্তিকই নয়, জাতির জীবনে এক ন্যক্কারজনক ঘটনা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ,১,ক.৩), **নিউ নেশন** (পৃ,ক.৬)।

৫। **২১ আগস্ট গ্রেনেড মামলার পেপারবুক তৈরি দ্রুত শেষ হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার পেপারবুক তৈরির কাজ শুরু হয়েছে এবং দুই থেকে চার মাসের মধ্যে এটি শেষ হবে। আমরা চেষ্টা করছি দ্রুত মামলাটির শুনানি শুরু করার। গতকাল (২১ আগস্ট বুধবার) সচিবালয়ে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় সাজাপ্রাপ্ত আসামি তারেক রহমানসহ সকল আসামিকে ফিরিয়ে আনার বিষয়ে সাংবাদিকদের এ কথা জানান তিনি। আইনমন্ত্রী বলেন, তারেক রহমানসহ সাজাপ্রাপ্ত সকল পলাতক আসামিকে ফিরিয়ে আনতে সরকার কাজ করে যাচ্ছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ,৩,ক.৬), **অবজারভার** (পৃ.৮,ক.৪)।

৬। আজ ড্রিমলাইনার গাংচিল উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ বিমান বাংলাদেশ এয়ারলাইনসের তৃতীয় বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার গাংচিল উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২২ আগস্ট বৃহস্পতিবার) বেলা সাড়ে এগারোটায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এর উদ্বোধন করবেন। উদ্বোধনের পর বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার গাংচিল বিকাল পাঁচটায় প্রথম ফ্লাইটে দুবাই যাবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১৩,ক.৫)।

৭। ভারতের পররাষ্ট্রমন্ত্রীর ঢাকা ত্যাগ

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর তিন দিনের সফর শেষে গতকাল (২১ আগস্ট বুধবার) ঢাকা ছেড়েছেন। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে বিদায় জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। সফরে দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠকে তিস্তাসহ ৫৪টি অভিন্ন নদীর পানিবন্টন, দুই দেশের মধ্যে বাণিজ্য, বিদ্যুৎ ও জ্বালানি খাত, প্রধানমন্ত্রীর আসন্ন ভারত সফরের বিষয়ে আলোচনা হয়। এছাড়া সীমান্তে নিরাপত্তা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে কিভাবে ভারত বাংলাদেশের অংশীদার হবে, তা নিয়েও আলোচনা হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ,১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

৮। জম্মু-কাশ্মীর ভারতের অভ্যন্তরীণ ইস্যু : পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি

জম্মু-কাশ্মীরকে বিশেষ মর্যাদা ও বিশেষ স্বায়ত্তশাসন দেয়া ভারতীয় সংবিধানের ৩৭০ ধারা বাতিলের বিষয়টিকে ভারতের অভ্যন্তরীণ ইস্যু বলে উল্লেখ করেছে বাংলাদেশ। গতকাল (২১ আগস্ট বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **বণিক বার্তা** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ,১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

৯। মশক নিধনে ১২ মাস নিবিড় কার্যক্রম চলবে : স্থানীয় সরকার মন্ত্রী

মশক নিধনে ১২ মাস নিবিড় কার্যক্রম পরিচালনা করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। গতকাল (২১ আগস্ট বুধবার) রাজধানীর একটি হোটেলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) কাউন্সিলরদের সঙ্গে মতবিনিময়কালে তিনি একথা জানান। মন্ত্রী বলেন, এডিস মশাবাহিত ডেঙ্গুজ্বরের প্রকোপ এবার বিশ্বের অনেক দেশেই দেখা দিয়েছে। অন্যান্য দেশের চেয়ে অনেকাংশে বাংলাদেশের মশক নিয়ন্ত্রণ কার্যক্রম ভালো। তিনি বলেন, ডিএনসিসি'র কর্মকর্তা-কর্মচারী ও কাউন্সিলররা সক্রিয়ভাবে নগর পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করছেন। এ ধারা অব্যাহত রাখতে এবং আরও সক্রিয়ভাবে কার্যক্রম পরিচালনা করতে ডিএনসিসি'র চাহিদার আলোকে ১ হাজার ৬শ' মশক নিধনকর্মী নিয়োগ দেয়া হয়েছে। প্রয়োজন হলে এ কর্মীরা সারা বছর কার্যক্রম পরিচালনা করবেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২)।

১০। পূর্ব-নির্ধারিত সময় অনুযায়ী রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরু হবে আজ : প্রত্যাবাসন কমিশনার

পূর্ব-নির্ধারিত সময় অনুযায়ী রোহিঙ্গাদের প্রত্যাবাসন শুরু হবে আজ। আজ (২২ আগস্ট বৃহস্পতিবার) সকালে টেকনাফ থেকে ঘুমধুম ট্রানজিট ঘাট পর্যন্ত সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা থাকবে। তবে সকাল থেকে বিকেল নাগাদ যে কোন সময়ে প্রত্যাবাসন প্রক্রিয়া সূচনা হতে পারে। এ লক্ষ্যে ৫টি বাস ও ৫টি ট্রাক রোহিঙ্গা শিবিরগুলোতে থাকবে। যারা মিয়ানমারে ফিরবেন তাদের মালামাল বহনে এসব পরিবহণ রাখা হয়েছে। গতকাল (২১ আগস্ট বুধবার) এ তথ্য নিশ্চিত করেছেন কক্সবাজারে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মোহাম্মদ আবুল কালাম। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ,১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১১। রোহিঙ্গাদের নিরাপদ ও স্বেচ্ছা প্রত্যাবাসন নিশ্চিত করুন : ৬১ এনজিও'র বিবৃতি

দুই বছরেও ন্যায়বিচার পায়নি মিয়ানমারে অমানবিক নির্যাতনের শিকার হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠী। মিয়ানমারে প্রত্যাবাসন বিষয়ক সাম্প্রতিক খবরে এসব রোহিঙ্গা উদ্বিগ্ন। তারা তাদের নিরাপত্তা নিয়েও আতঙ্কিত। যেহেতু এ প্রক্রিয়ায় রোহিঙ্গাদের অংশগ্রহণ খুবই সীমিত, তাই ভবিষ্যতে নিরাপদ ও স্বেচ্ছায় প্রত্যাবাসনের ক্ষেত্রে তাদের সিদ্ধান্ত নেওয়ার অধিকার সুনিশ্চিত করার দাবি জানিয়েছে মানবাধিকার সংগঠনগুলো। গতকাল (২১ আগস্ট বুধবার) মিয়ানমার ও বাংলাদেশে কর্মরত ৬১টি স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক এনজিও সংস্থার যৌথ বিবৃতিতে এসব তথ্য জানায়। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫)।

১২। কৃষিযন্ত্রের চাহিদা সম্পর্কে জানাতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি কৃষিমন্ত্রীর নির্দেশ

আগামী এক সপ্তাহের মধ্যে দেশের কোন এলাকায় কোন ধরনের কৃষিযন্ত্রের কত চাহিদা তা জানাতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। তিনি বলেন, আমাদের জমির আকার ও মাটির ভিন্নতা রয়েছে। তাই মাটি ও জমির উপযোগী কৃষিযন্ত্র ব্যবহার করতে হবে। তাহলেই কৃষক উপকৃত হবে। কৃষিকে লাভজনক করতে হলে আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের বিকল্প নেই বলে তিনি জানান। গতকাল (২১ আগস্ট বুধবার) সচিবালয়ে 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প' শীর্ষক সভায় তিনি এসব কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, চাহিদার ভিত্তিতে কৃষিযন্ত্র সরবরাহ করা হবে। কোম্পানির সাথে কথা বলে কৃষকদের জন্য সহজ কিস্তি সুবিধা দেওয়া যায় কি না, তা দেখতে হবে। এছাড়া যন্ত্র মেরামতকারীগণ ও ব্যবহারকারীগণকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ,৩,ক.৬)।

১৩। ভূমির লেনদেনে শীঘ্রই চালু হচ্ছে ই-পেমেন্ট গেটওয়ে : ভূমিমন্ত্রী

ভূমি-সংক্রান্ত লেনদেনের জন্য শীঘ্রই ই-পেমেন্ট গেটওয়ে চালু করা হবে। এটি চালু হলে ভূমি খাতের সেবায় স্বচ্ছতা নিশ্চিত করা যাবে। ঢাকা বিভাগীয় ভূমি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কর্মকর্তাদের তিন দিনব্যাপী ই-নামজারি সঞ্জীবনী কর্মশালার দ্বিতীয় দিনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঐ তথ্য জানান ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। গতকাল (২১ আগস্ট বুধবার) রাজধানীর সেগুনবাগিচায় ঢাকা বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে ঐ কর্মশালার আয়োজন করা হয়। ভূমিমন্ত্রী বেদখল হওয়া সরকারি জমি উদ্ধারে গুরুত্বারোপ করেন। সরকারি জমির অবৈধ দখলকে ফৌজদারি কার্যবিধির অধীনে বিচারের আইন প্রণয়ন করা হচ্ছে বলেও জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ,৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

১৪। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত বাধ্যতামূলক হচ্ছে কর্মমুখী শিক্ষা

সাধারণ শিক্ষার উভয় ধারায় (স্কুল ও মাদ্রাসা) ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত কর্মমুখী প্রকৌশল শিক্ষা বাধ্যতামূলক করা হচ্ছে। ২০২১ সাল থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। এজন্য ইতোমধ্যে পাঠ্যক্রম (সিলেবাস) প্রণয়ন সম্পন্ন হয়েছে। বই সম্পদনার কাজও চলছে। এছাড়া নবম-দশম শ্রেণিতে কারিগরি শিক্ষা বাধ্যতামূলক করতে উদ্যোগ নেয়া হয়েছে। জাতীয় সংসদ ভবনে গতকাল (২১ আগস্ট বুধবার) অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ.ক.৬)।

১৫। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে ইভেন্ট ফার্ম নিয়োগ : ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ দেয়া হবে। এ ফার্ম আগামী '২০ সালের ১৭ মার্চ থেকে শুরু হতে যাওয়া বছরব্যাপী মুজিববর্ষ উপলক্ষে নগরসজ্জা, ওয়ার্কশপ, সেমিনার ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। গতকাল (২১ আগস্ট বুধবার) সচিবালয়ে অর্থনৈতিক ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত একটি প্রস্তাবের নীতিগত অনুমোদন দেয়া হয়েছে। কমিটির আহ্বায়ক অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল দেশের বাইরে থাকায় কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে এ বৈঠক বসে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, ভোরের কাগজ :** দ্রুততম সময়ে অপরাধীদের বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে না পারায় ধর্ষণের মতো অপরাধ বাড়ছে বলে পর্যবেক্ষণ দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে এ পর্যবেক্ষণকে আমলে নিয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইনকিলাব :** ভৌগলিক অবস্থান ও ভূ-রাজনৈতিক কারণেই বাংলাদেশকে বিশ্বের অন্যতম অর্থনৈতিক সম্ভাবনাময় দেশ হিসেবে আখ্যায়িত করা হয়েছে উল্লেখ করে অর্থনীতির এ অমিত সম্ভাবনাকে কাজে লাগানোর পরামর্শ।

গ. **যুগান্তর :** এডিস মশার অস্বাভাবিক বিস্তারের জন্য দেশে, বিশেষ করে রাজধানীতে যত্রতত্র পড়ে থাকা কঠিন ও তরল বর্জ্যকে দায়ী করেছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা উল্লেখ করে এ অবস্থা নিরসনে সঠিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিকবার্তা :** ভারতের পররাষ্ট্রমন্ত্রীর ঢাকা সফরে দু'দেশের ভারসাম্যপূর্ণ সহযোগিতামূলক সম্পর্ক জোরদার হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **জনকণ্ঠ :** বিশ্বব্যাংকের রিপোর্ট অনুযায়ী বাংলাদেশ মোট উৎপাদনের এক শতাংশেরও কম খরচ করে স্বাস্থ্য পরিষেবায় উল্লেখ করে জনগণের স্বাস্থ্য সুরক্ষায় স্বাস্থ্যখাতে বরাদ্দ বাড়ানোর সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নারীদের প্রতি সহিংসতা বেড়েই চলছে উল্লেখ করে একজন নাগরিক হিসেবে পুরুষের মতো নারীদের সমঅধিকার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** ২১ আগস্টের গ্রেনেড হামলা মামলায় দণ্ডপ্রাপ্ত পলাতক আসামীদের খুঁজে বের দণ্ড কার্যকরের দাবি।

উপসম্পাদকীয়

সমকাল : পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের সামগ্রিক উন্নয়নের জন্য পরমতসহিষ্ণু রাজনৈতিক সংস্কৃতি দরকার।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'বিপর্যস্ত পরিবেশে বনায়ন'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, সড়ক-মহাসড়ক উন্নয়নের নামে বৃক্ষ নিধন বন্ধ করে বিকল্প ব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা